দৈনিক সংবাদ

তারিখ ... JUL 5 1999
পৃষ্ঠা 2 কলাম 6

186

# সরকারি কলেজ শিক্ষকদের সঙ্গে বৈঠকে শিক্ষা সচিবের আশ্বাস

বাংলাদেশ সরকারি কলেজ শিক্ষক পরিষদের সভাপতি অধ্যক্ষ আলী আকবর খান ডলারের নেতৃত্বে ৭ সদস্যবিশিষ্ট প্রতিনিধিদল শিক্ষা সচিবের সাথে রোববার দেখা করে।

সম্প্রতি বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডারের ৮৩ জন প্রভাষকের চাকরি ক্যাডারবহির্ভূত পদে স্থায়ী করার ত্রুটিপূর্ণ প্রজ্ঞাপনটি নিয়ে শিক্ষা সচিবের সাথে নেতারা আলোচনা করেন। সচিব নেতাদের বক্তব্য ধৈর্যসহকারে শোনেন এবং বিধি মোতাবেক পদক্ষেপ গ্রহণ ও সংশোধনের আশ্বাস দেন।

প্রতিনিধিদলের মধ্যে প্রেসিডিয়াম সদস্য মাহফুজা চৌধুরী, সিদ্দিকুর রহমান এবং মহাসচিব অধ্যাপক শাহজাহান মিয়াসহ কেন্দ্রীয় নেতা মোঃ এনামুল হক খান, মোঃ হুমায়ুন কবির ও আবু সুফিয়ান উপস্থিত ছিলেন। সংবাদ বিজ্ঞপ্তি।